



BANGLADESH TEXTILE MILLS ASSOCIATION

বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন

Unique Trade Centre (Level 8), 8, Panthapath, Karwan Bazar, Dhaka-1215, Bangladesh
Phone : +88 02 9101508, 9130969, 58156619, Fax : +88 02 9125338
E-mail : btmasg@gmail.com, btma2@yahoo.com, Web : www.btmadhaka.com

বিটিএমএ.৬৬৭.১৮৮৮


সেপ্টেম্বর ১৮, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক
বন্ড লাইসেন্সধারী সকল সদস্য মিল বিটিএমএ।

বিষয়: শতভাগ রপ্তানিমুখী বন্ডেড প্রতিষ্ঠানের আমদানিকৃত কাঁচামালের বন্ডিং মেয়াদ প্রসঙ্গে।

জনাব,

উপরোক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-০১৮/২০২১/কাস্টমস/২১৮, তারিখ ০৭-০৯-২০২১ আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো। বন্ড লাইসেন্সের আওতায় আমদানি এবং ইনবন্ডকৃত কাঁচামালের বন্ডিং মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত আদেশটি অত্যন্ত জরুরী।



আলী আহমাদ
ডেপুটি সেক্রেটারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

[প্রজ্ঞাপন]

আদেশ নং- ০১৮/২০২১/কাস্টমস/২১৮

তারিখ : ০৭/০৯/২০২১ খ্রি:।

বিষয় :- শতভাগ রপ্তানিমুখী বন্ডেড প্রতিষ্ঠানের আমদানিকৃত কাঁচামালের বন্ডিং মেয়াদ প্রসঙ্গে।

সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় শতভাগ রপ্তানিমুখী বন্ডেড প্রতিষ্ঠান নির্দিষ্ট বন্ডিং মেয়াদের মধ্যে রপ্তানি সম্পন্ন করতে সক্ষম হচ্ছে না। ফলে, কাঁচামালের গুণগতমান অক্ষুণ্ণ থাকলেও উক্ত কাঁচামাল ব্যবহার করে রপ্তানি কার্য সম্পন্ন করার ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হচ্ছে। বৈদেশিক মুদ্রা অর্জন ও রপ্তানি বাণিজ্য প্রসারের স্বার্থে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বন্ডিং মেয়াদ বৃদ্ধির বিষয়টি বিবেচিত হতে পারে:

- (ক) পণ্যের গুণগতমান অক্ষুণ্ণ থাকতে হবে;
- (খ) কাঁচামাল ব্যবহার করে উৎপাদিত পণ্য রপ্তানির সক্ষমতা থাকতে হবে;
- (গ) হালনাগাদ অডিট ও নবায়ন থাকতে হবে;

০২। বর্ণিতাবস্থায়, শতভাগ রপ্তানিমুখী বন্ডেড প্রতিষ্ঠানের (ইপিজেড, অর্থনৈতিক অঞ্চল ও হাই-টেক পার্ক এলাকায় অবস্থিত বন্ডেড প্রতিষ্ঠানসহ) আমদানিকৃত কাঁচামালের বন্ডিং মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে কমিশনার অব কাস্টমস (বন্ড) অথবা ক্ষমতা প্রাপ্ত অন্য কোন কমিশনার এর নিকট সংশ্লিষ্ট প্রতিষ্ঠান আবেদন করলে, উক্ত আবেদনের প্রেক্ষিতে যদি উল্লিখিত শর্তাদি পরিপালিত হয়; সেক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বন্ডিং মেয়াদ বৃদ্ধির বিষয়ে কমিশনার এর সুপারিশক্রমে জাতীয় রাজস্ব বোর্ড কেস টু কেস ভিত্তিতে পণ্যের বন্ডিং মেয়াদ বৃদ্ধির বিষয়টি বিবেচনা করতে পারে।

০৩। এমতাবস্থায়, The Customs Act, 1969 এর Section-119A ও এর সাথে পঠিতব্য একই আইনের Section-219B এ প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,



(মোঃ শশিয়ার রহমান মন্ডল)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩

ই-মেইল-ssbondnabr@gmail.com